দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
শুক্রবার
২৬ আশ্বিন ১৪৩১, ১১ অক্টোবর ২০২৪

North South University Library ★1992★

টাইমস হায়ার এডুকেশন র‍্যাংকিং

তালিকায় যৌথভাবে দেশের পাঁচ ভার্সিটি

■ জাবি সংবাদদাতা

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের (টিএইচই) বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং প্রকাশ করে থাকে। এবারও সেই তালিকা প্রকাশ করেছে। এ র‍্যাংকিংয়ে যৌথভাবে দেশ সেরা হওয়ার গৌরব অর্জন করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। গত বুধবার প্রতিষ্ঠানটির অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত 'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৫' থেকে এ তথ্য জানা যায়। বিশ্বের অন্যতম র‍্যাংকিংয়ে ২০২৫ সালের সংস্করণে ১১৫টি দেশ ও অঞ্চলের ২ হাজারের বেশি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়ন করেই তালিকা করা হয়েছে। ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় দেখা যায়, ২০২৫ সালের বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিংয়ে প্রথম ৮০০-এর তালিকায় দেশের কোনো বিশ্ববিদ্যালয় নেই। তবে তালিকায় দেশের ২৪টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। তালিকায় জায়গা পাওয়া বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১৭টি সরাসরি র‍্যাংকিংয়ে জায়গা পেয়েছে। বাকি সাতটি রিপোর্টার হিসেবে তালিকায় জায়গা পেয়েছে।

র‍্যাংকিংয়ে বিশ্বের ৮০১ থেকে ১০০০-এর মধ্যে আছে দেশের পাঁচটি বিশ্ববিদ্যালয়। এবারের তালিকায় দেশসেরা হিসেবে যৌথভাবে জায়গা করে নিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি। এছাড়া তালিকার ১০০১ থেকে ১২০০-এর মধ্য থাকা বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো হলো- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বুয়েট, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, চুয়েট, কুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়। অন্যদিকে ১২০১ থেকে ১৫০০-এর তালিকায় আছে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, খুলনা বিশ্ববিদ্যালয়, রুয়েট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

এদিকে রিপোর্টার হিসেবে থাকা কয়েকটি বিশ্ববিদ্যালয় হলো- ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস ও বরেন্দ্র বিশ্ববিদ্যালয়।